

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT
ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-২)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৬১৬.১১.০০৩.২৩.১২২

তারিখঃ ২০ মাঘ, ১৪৩০
২৪ জানুয়ারি, ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ” প্রকল্পের আওতায় পরিচালিতব্য জরিপসমূহের তথ্য সংগ্রহ কার্যক্রম মাঠ পর্যায়ে সম্পাদনের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তি কিছু সংখ্যক তথ্য সংগ্রহকারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	বয়স	পদের ধরণ	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	তথ্যসংগ্রহকারী	সর্বোচ্চ ৩৭ বছর	সম্পূর্ণ অস্থায়ী	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ হতে ন্যূনতম স্নাতক পাস হতে হবে; (২) স্মার্টফোন বা ট্যাবলেট ব্যবহারে দক্ষ হতে হবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রাথমিক জ্ঞান থাকতে হবে; (৩) বয়স সর্বোচ্চ ৩৭ বছর হতে হবে; (৪) যে জেলায় জরিপ অনুষ্ঠিত হবে সে জেলার অথবা পার্শ্ববর্তী জেলার প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে; (৫) বিবিএস কর্তৃক পরিচালিত শুমারি বা জরিপে কাজ করার পূর্ব অভিজ্ঞতা থাকলে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ” প্রকল্পে ইতিপূর্বে কাজ করেছে তাদের সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হবে।

শর্তাবলীঃ

- (১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের আওতায় পরিচালিতব্য জরিপসমূহের তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত লিস্টিং ও জরিপ চলাকালে ৪০ মাসের জন্য তথ্য সংগ্রহকারী হিসেবে নিয়োগ প্রদান করা হবে এবং মাঠ পর্যায়ের উক্ত তথ্য সংগ্রহ কার্যক্রম সমাপনান্তে নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (২) অর্পিত দায়িত্ব পালনে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তথ্য সংগ্রহকারীর নিয়োগ কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা রাখে;
- (৩) নিয়োগ বাতিল বা অন্য কোন কারণে পদ শূন্য হলে কর্তৃপক্ষ একই নীতিমালা অনুসরণ করে শূন্যপদে পুনরায় তথ্যসংগ্রহকারী নিয়োগ প্রদান করবে;
- (৪) নাগরিকত্ব ও বয়সের প্রমাণক হিসেবে এনআইডি অথবা জন্মসনদপত্র দাখিল করতে হবে;
- (৫) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান হতে প্রশংসাপত্র নিয়ে আবেদনের সাথে দাখিল করতে হবে;
- (৬) শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

প্রার্থীর যোগ্যতা যাচাই:

- ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল করা হবে।
খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

বি.দ্র: নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(সৈয়দা মারুফা শাকি)
প্রকল্প পরিচালক

ই-মেইল: syedamarufshaki@gmail.com